

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০৪.১৬(অংশ-২)- ২০১৬

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ।
১২ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান সংক্রান্ত।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-১৯৫, তারিখঃ ২২/১১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ সোয়েব আহমেদ, চেয়ারম্যান, বড়লেখা ইউনিয়ন পরিষদ, বড়লেখা, মৌলভীবাজার কর্তৃক বিজিবি সদস্যকে সরকারি কাজে বাধা দেয়া/ছমকি দেয়া বা বিজিবি সদস্যের সাথে উত্তেজিত হয়ে অসৌজন্যমূলক আচরণ করেছেন যা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, আপনি জনাব মোঃ সোয়েব আহমেদ, চেয়ারম্যান, বড়লেখা ইউনিয়ন পরিষদ, বড়লেখা, মৌলভীবাজার এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) উপধারা অনুযায়ী কেন আপনাকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, মৌলভীবাজার এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ সোয়েব আহমেদ
চেয়ারম্যান
বড়লেখা ইউনিয়ন পরিষদ
বড়লেখা, মৌলভীবাজার।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার (উল্লিখিত চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক চেয়ারম্যানের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।